২

দৈনিক ইত্তেফাক

তারিখ: DEC. 1 9 1999
পৃষ্ঠা: ৪ কলাম: ৭

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ডিসেম্বর মাসের বেতন

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও-ভুক্ত সকল শিক্ষক-কর্মচারী তাঁহাদের বেতনের ৮০% সরকার হইতে পাইয়া থাকেন। এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে, যেখানে বেতনের প্রতিষ্ঠান-প্রদেয় ২০% শিক্ষক-কর্মচারী অনেক মাস যাবৎ পাইতেছেন না। তাই শুধু সরকারী অংশের উপর নির্ভর করিয়াই তাঁহাদের সংসার পরিচালনা করিতে হইতেছে। গত নভেম্বর মাসের বেতনের সরকারী অংশ সকল শিক্ষক-কর্মচারী ডিসেম্বর মাসের ২০ তারিখের মধ্যে উঠাইতে পারিবেন। আগামী মাসের ৮ বা ৯ তারিখে মুসলমানদের ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হইবে। এমতাবস্থায়, মুসলমান শিক্ষক-কর্মচারীর কথা বিবেচনা করিয়া, পরিবার-পরিজন নিয়া ঈদের আনন্দ উপভোগের জন্য ডিসেম্বর মাসের বেতনের সরকারী অংশ যাহাতে আগামী ৬ই জানুয়ারির মধ্যে তাঁহারা উঠাইতে পারেন, সেইজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

মোঃ নিজাম উদ্দিন,
প্রভাষক, কৃষি শিক্ষা,
ফেনী সাউথ-ইষ্ট কলেজ,
ফাজিলপুর, ফেনী।